ভোরের কাগজ

তারিখ ... ... ...AUG. 2.7.1999.
পৃষ্ঠা ... কলাম ...

## এইচএসসি '৯৯

# মেধা তালিকায় ৫ বোর্ডে প্রথম হয়েছে ২৬ জন

কাগজ প্রতিবেদক : এ বছর ৫ বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মোট ২৬ জন বিভিন্ন বোর্ডের বিভাগওয়ারী মেধা তালিকাগুলোতে প্রথম স্থান অধিকার করেছে। প্রতিটি বোর্ডে ৩ বিভাগে সম্মিলিত ও মেয়েদের হিসাবে মেধা তালিকা মোট ৩০টি, এর মধ্যে কয়েকটি সম্মিলিত ও মেয়েদের উভয় মেধা তালিকায় একই মেয়ে স্থান পাওয়ায়, কিংবা যুগ্মভাবে প্রথম হওয়ায় এই সংখ্যা ৩০ না হয়ে ২৬ হয়েছে।

### ঢাকা বোর্ড

বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে দুজন। এরা হচ্ছে ঢাকা কলেজের আবেদুল হক এবং নটরডেম কলেজের কাজী শামীম আল মামুন। উভয়েই ৪ বিষয়ে লেটারসহ ৯৫৩ নম্বর পেয়েছে। এ বিভাগে মেয়েদের মেধা তালিকায় প্রথম হয়েছে হলিক্রস কলেজের সোনিয়া জাহিদ (৯২৬)।

বাণিজ্য বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে ঢাকা সিটি কলেজের ওয়াসিম রেজা (৮৬২) এবং মেয়েদের মধ্যে প্রথম হয়েছে নৌশিন তাহসিনা হাসান (৮২৯), ভিকারুন নিসা নূন কলেজ।

মানবিক বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে কালকিনির সৈয়দ আতাহার আলী একাডেমির রাসেল জমাদার (৯৩৩), এ বিভাগে মেয়েদের মেধা তালিকায় প্রথম হয়েছে একই কলেজের সীমা বিশ্বাস (৯১৮)।

### কুমিল্লা বোর্ড

বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে সিলেট এমসি কলেজের মালিহা সুলতানা (৯২৯)। সে মেয়েদের মেধা তালিকায়ও প্রথম।

মানবিকের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে দুজন। হাজীগঞ্জ মডেল

● এরপর - পৃষ্ঠা ৬ কলাম ৭

## মেধা তালিকায় ৫ বোর্ডে প্রথম ২৬ জন

● প্রথম পাতার পর

কলেজের সফিউল আজম এবং জুরানপুর আদর্শ কলেজের শামীমা মজুমদার। দুজনেই পেয়েছে ৮৬৩ নম্বর। এই শামীমা মেয়েদের মেধা তালিকায়ও প্রথম।

বাণিজ্যের সম্মিলিত মেধা তালিকায় অধ্যাপক আব্দুল মজিদ কলেজের গৌরাঙ্গচন্দ্র দেবনাথ (৭৯৪) প্রথম হয়েছে। এ বিভাগে মেয়েদের মেধা তালিকায়ও ঐ কলেজের ছাত্রী নাসরিন আক্তার (৭৭৪) প্রথম হয়েছে।

### যশোর বোর্ড

বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় বরিশাল ক্যাডেট কলেজের আব্দুল্লাহ আল রেজা (৯৭১) প্রথম হয়েছে। সে সারাদেশে সর্বোচ্চ নম্বর পেয়েছে। এ বিভাগে মেয়েদের মেধা তালিকায় প্রথম হয়েছে খুলনা গভ. গার্লস কলেজের সানিয়া রহমান (৯২৮)।

মানবিক বিভাগের সম্মিলিত ও মেয়েদের উভয় মেধা তালিকায় প্রথম হয়েছে বরিশাল অমৃতলাল দে কলেজের ছাত্রী এনতেসার আলম (৯০৫)। বাণিজ্য বিভাগের সম্মিলিত মেধা তালিকায় খুলনা পাবলিক কলেজের সাইফুল্লাহ আজাদ (৮৪১) প্রথম হয়েছে। এ বিভাগে মেয়েদের মেধা তালিকায় প্রথম হয়েছে বরিশাল সৈয়দ হাতেম আলী কলেজের তাহমিনা কাদির লুনা (৮০৬)।

### রাজশাহী বোর্ড

বিজ্ঞানের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে রংপুর ক্যাডেটের বাহলুল হায়দার (৯৬২)। এ বিভাগে মেয়েদের মধ্যে প্রথম হয়েছে ঈশ্বরদী মহিলা কলেজের সুমনা সুলতানা (৯০০)।

মানবিকের সম্মিলিত এবং মেয়েদের উভয় মেধা তালিকায় প্রথম হয়েছে রাজশাহীর বরেন্দ্র কলেজের ছাত্রী ফারজানা আক্তার (৮৬৭)।

বাণিজ্যের সম্মিলিত এবং মেয়েদের মেধা তালিকায় প্রথম হয়েছে বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের ছাত্রী নুসরাত শারমিন (৮২৭)।

### চট্টগ্রাম বোর্ড

বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে চট্টগ্রাম কলেজের আফজাল হোসেন (৯০১)। মেয়েদের মধ্যে প্রথম হয়েছে ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজের ফারহানা তাসমিন (৮৯২)।

মানবিকে সম্মিলিত ও মেয়েদের উভয় মেধা তালিকায় চট্টগ্রাম কলেজের মহুয়া জহুর (৮১৯) প্রথম হয়েছে।

বাণিজ্যের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে গভ. কমার্স কলেজের মোঃ ইউসুফ (৮১৬), মেয়েদের মধ্যে বাণিজ্যে প্রথম হয়েছে একই কলেজের আফসানা ইয়াসমিন (৭৮৪)।